

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপ-পরিচালকের কার্যালয়  
জেলা পরিসংখ্যান অফিস, কক্সবাজার  
দারুস সালাম ভবন (৩য় তলা), কালুর দোকান, টেকপাড়া, কক্সবাজার  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

তারিখ: ২৮/১১/২০১৯ খ্রি.

স্মারক নং- ৫২.০১.২২০০.০০০.০৪.০০৩.১৪-২২৭

বিষয়: জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মৌজার তালিকা হালনাগাদ এবং দুর্যোগপ্রবণ এলাকায় খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে ইউনিয়ন/ওয়ার্ডভিত্তিক মৌজার হালনাগাদকৃত তালিকা চূড়ান্তকরণে সহযোগিতা সংক্রান্ত।

ভৌগলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ এদেশে একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। জলবায়ু পরিবর্তনের কারণে সামগ্রিক জনজীবনে প্রাকৃতিক দুর্যোগ যেমন: খরা, বন্যা, জলাবদ্ধতা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস, টর্নেডো, বজ্রপাত/বজ্রঝড়, নদী/উপকূলীয় ভাঙ্গন, ভূমিধস, লবণাক্ততা, শিলাবৃষ্টি প্রভৃতি কৃষি উৎপাদন, কলকারখানা, বৃহৎ স্থাপনা, ভূমি, বাসস্থান, স্বাস্থ্য ও স্যানিটেশন প্রভৃতি সর্বোপরি মানুষের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন সাধন করে।

০২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন ‘পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প’ এর আওতায় খানাভিত্তিক “বাংলাদেশ ডিজেষ্টার রিলেটেড স্ট্যাটিসটিকেল সার্ভে ২০২০” শীর্ষক জরিপ পরিচালনার উদ্যোগ নেয়া হয়েছে। যার প্রাথমিক কাজ জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ এলাকার মৌজা/মহল্লার হালনাগাদ তথ্য সংগ্রহ করা।

০৩। বর্ণিতাবস্থায়, “বাংলাদেশ ডিজেষ্টার রিলেটেড স্ট্যাটিসটিকেল সার্ভে ২০২০” শীর্ষক জরিপের তথ্য-উপাত্ত সংগ্রহে বিবিএসের কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বিক সহায়তার নিমিত্তে পরামর্শ দেয়ার জন্য আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি।

আতিকুর রহমান চৌধুরী  
উপপরিচালক (ভারপ্রাপ্ত)  
জেলা পরিসংখ্যান কার্যালয়  
কক্সবাজার

ফোন-০৩৪১-৬৩১০৯

[dsocoxs.bbs@gmail.com](mailto:dsocoxs.bbs@gmail.com)

প্রাপক

.....  
.....